

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
আইসিটি সেল  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৮৯


তারিখ: ১৫ ভাদ্র ১৪২৫  
৩০ আগস্ট ২০১৮

বিষয়: অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর আওতায় মোট ০৩ (তিনটি) উদ্ভাবনী উদ্যোগ/ধারণা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে, যা নিম্নরূপঃ

উদ্ভাবনী উদ্যোগ/ ধারণার শিরোনাম	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রদানকারী	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার উদ্দেশ্য
অনলাইনে এসিড উৎপাদন ও আমদানির লাইসেন্স প্রদান।	আনিসুল ইসলাম সিনিয়র সহকারী সচিব আইন-২ শাখা	অনলাইনে ওয়েব পোর্টালের মাধ্যমে বর্ণিত সেবা প্রত্যাশী প্রতিষ্ঠান প্রয়োজনীয় ডকুমেন্টসহ আবেদন করবে। যথাযথ প্রক্রিয়া শেষে প্রাপ্ত এসিড উৎপাদন ও আমদানির লাইসেন্স ওয়েব পোর্টাল এবং ইমেইলের মাধ্যমে সেবা প্রত্যাশী প্রতিষ্ঠানকে প্রেরণ করা হবে, এতে করে সেবা প্রত্যাশী প্রতিষ্ঠানকে সরাসরি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আসার প্রয়োজন হবে না এবং সেবা প্রত্যাশী প্রতিষ্ঠানের সময় বাঁচবে এবং আর্থিক অপচয়ও রোধ হবে। সেবা প্রত্যাশী প্রতিষ্ঠান ট্র্যাকিং নং ব্যবহার করে তার আবেদনের সর্বশেষ অবস্থাও জানতে পারবে। ওয়েব পোর্টালে সকল কার্যক্রমের ধাপসমূহ সংরক্ষিত থাকবে এবং ভবিষ্যৎ কর্মকর্তা পুরাতন সকল কার্যক্রম অবলোকন করার সুযোগ পাবেন এবং একটি মাসে/বছরে সর্বমোট কতটি আবেদন পাওয়া গেছে এবং প্রাপ্ত আবেদনের বিপরীতে কতটি লাইসেন্স প্রদান করা হয়েছে, তার পরিসংখ্যান পাওয়া যাবে।
বাংলাদেশী পাসপোর্ট বিদেশে প্রেরণ/বহনের ক্ষেত্রে অনলাইনে আবেদন গ্রহণ ও অনুমতি প্রদান।	মোঃ মুনিম হাসান যুগ্ম সচিব বহিরাগমন-১ শাখা	অনলাইনে ওয়েব পোর্টালের মাধ্যমে সেবা প্রত্যাশী প্রয়োজনীয় ডকুমেন্টসহ আবেদন করবেন। যথাযথ প্রক্রিয়া শেষে প্রাপ্ত অনুমতি পত্রটি ওয়েব পোর্টাল এবং ইমেইলের মাধ্যমে সেবা প্রত্যাশীকে প্রেরণ করা হবে, এতে করে সেবা প্রত্যাশীকে সরাসরি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আসার প্রয়োজন হবে না এবং সেবা প্রত্যাশীর সময় বাঁচবে এবং আর্থিক অপচয়ও রোধ হবে। সেবা প্রত্যাশী ট্র্যাকিং নং দিয়ে তার আবেদনের সর্বশেষ অবস্থাও জানতে পারবেন। ওয়েব পোর্টালে সকল কার্যক্রমের ধাপসমূহ সংরক্ষিত থাকবে এবং ভবিষ্যৎ কর্মকর্তা পুরাতন সকল কার্যক্রম অবলোকন করার সুযোগ পাবেন এবং একটি মাসে/বছরে সর্বমোট কতটি আবেদন পাওয়া গেছে এবং প্রাপ্ত আবেদনের বিপরীতে কতটি অনুমতি প্রদান করা হয়েছে, তার পরিসংখ্যান পাওয়া যাবে।
স্পেনে গমনেচ্ছু বাংলাদেশী নাগরিকগণের অনুকূলে পুলিশ ক্রিয়ারেপ্স অনলাইনে ইস্যু করণ।	শিরীন বুবি উপসচিব বহিরাগমন-৩ শাখা	অনলাইনে ওয়েব পোর্টালের মাধ্যমে বর্ণিত সেবা প্রত্যাশী প্রয়োজনীয় ডকুমেন্টসহ আবেদন করবেন। যথাযথ প্রক্রিয়া শেষে প্রাপ্ত পুলিশ ক্রিয়ারেপ্স ওয়েব পোর্টাল এবং ইমেইলের মাধ্যমে সেবা প্রত্যাশীকে প্রেরণ করা হবে। সেবা প্রত্যাশীকে সরাসরি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আসার প্রয়োজন হবে না এবং সেবা প্রত্যাশীর সময় বাঁচবে ও আর্থিক অপচয়ও রোধ হবে। সেবা প্রত্যাশী ট্র্যাকিং নং ব্যবহার করে তার আবেদনের সর্বশেষ অবস্থাও জানতে পারবেন। ওয়েব পোর্টালে সকল কার্যক্রমের ধাপসমূহ সংরক্ষিত থাকবে এবং ভবিষ্যৎ কর্মকর্তা পুরাতন সকল কার্যক্রম অবলোকন করার সুযোগ পাবেন এবং একটি মাসে/বছরে সর্বমোট কতটি আবেদন পাওয়া গেছে এবং প্রাপ্ত আবেদনের বিপরীতে কতটি পুলিশ ক্রিয়ারেপ্সের অনুমতি প্রদান করা হয়েছে, তার পরিসংখ্যান পাওয়া যাবে।

২। বর্গিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের মধ্যে ন্যূনতম ০২ (দুইটি) উদ্যোগ/ধারণা এ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এ উল্লিখিত সময়ের (৩০-০৪-২০১৯ খ্রি:) মধ্যে মেন্টর, মেন্টি, ইনোভেশন টিম এবং উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদানকারী কর্মকর্তাগণের সমন্বয়ে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মুহাম্মদ আবদুল হাই মিলটন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০১৭৮১১২৭৪২১

ইমেইল: sas.ict@ssd.gov.bd

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এবং  
চিফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৮৯

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৫  
৩০ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন/উন্নয়ন/অগ্নি/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ/আইন ও শৃঙ্খলা/কারা), সুরক্ষা সেবা বিভাগ
- ২) যুগ্ম সচিব, বহিরাগমন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব, কারা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, বহিরাগমন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সিনিয়র সহকারী সচিব, আইন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৭) সিনিয়র সহকারী সচিব, বহিরাগমন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৮) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



(মুহাম্মদ আবদুল হাই মিলটন)

সিনিয়র সহকারী সচিব